MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY



# 2022

## PHILOSOPHY — HONOURS

**Paper : SEC-A-1**

**(Logical Reasoning and Application: Indian and Western)**

**Full Marks : 80**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) "পাহাড়ে আগুন আছে যেহেতু পাহাড়ে ধোঁয়া আছে"—এই অনুমানটিতে বিপক্ষ হল —

(অ) রান্নাঘর (আ) হ্রদ

(ই) গোশালা (ঈ) যজ্ঞবেদী।

(খ) একটি অধিকরণ যেখানে সাধ্য নিশ্চিতরূপে জ্ঞাত, সেটি হল—

(অ) পক্ষ (আ) সপক্ষ

(ই) বিপক্ষ (ঈ) প্রতিপক্ষ।

(গ) একটি সৎ অন্বয়-ব্যতিরেকী হেতুর বৈধতার নির্ণায়ক ধর্ম হল

(অ) দুইটি (আ) তিনটি

(ই) চারটি (ঈ) পাঁচটি।

(ঘ) পক্ষ হল তাই যেখানে সাধ্যের উপস্থিতি

(অ) নিশ্চিত (আ) সন্দিগ্ধ

(ই) নেই (ঈ) এদের কোনোটিই নয়।

(ঙ) আইনি পদ্ধতিতে মুখ্যতঃ কোন প্রকারের যুক্তি প্রয়োগ করা হয়?

(অ) আরোহ যুক্তি (আ) অবরোহ যুক্তি

(ই) উভয় প্রকারের যুক্তি (ঈ) এদের কোনোটিই নয়।

(চ) কর্ণেন্দ্রিয়ের দ্বারা শব্দত্বের প্রত্যক্ষে যে সন্নিকর্ষ হয় তা হল—

(অ) সংযোগ (আ) সমবায়

(ই) সংযুক্ত সমবায় (ঈ) সমবেত সমবায়

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY



(ছ) "ফল হয় ভালো, ভালো হয় মানুষের জীবনের লক্ষ্য, সুতরাং ফল হয় মানুষের জীবনের লক্ষ্য"। উক্ত অবৈধ যুক্তিটি কী দোষে দুষ্ট?

(অ) ভিন্নার্থক পদজনিত দোষ (আ) বাচনভঙ্গি জনিতদোষ

(ই) ভিন্নার্থক বাক্যজনিত দোষ (ঈ) গঠনগত দোষ

(জ) যখন কোনো বাক্যকে প্রমাণাভাবের জন্য সত্য বলে মেনে নেওয়া হয় তখন যে অনুপপত্তি হয় তা হল ঃ

(অ) সহানুভূতিজনিত অনুপপত্তি (আ) বলপ্রয়োগ অনুপপত্তি

(ই) অজ্ঞতাজনিত অনুপপত্তি (ঈ) আপ্তের বিশ্বাসজনিত অনুপপত্তি।

(ঝ) "আমি অনুমান করছি যে একজোড়া নতুন জুতো ভালোভাবেই পরা যাবে কারণ ওই দোকান থেকে আগে কেনা জুতোগুলিও ভালোভাবেই পরা গেছিল।"—এখানে যে যুক্তি ব্যবহৃত হয়েছে সেটি হল

(অ) অবরোহ যুক্তি (আ) সরল গণনামূলক আরোহানুমান

(ই) সাদৃশ্যমূলক যুক্তি (ঈ) সাধারণ মানুষের যুক্তি যা যৌক্তিকতা বিবর্জিত।

(ঞ) 'সকল দ্বিপদবিশিষ্ট প্রাণী হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন, পাখি হয় দ্বিপদবিশিষ্ট, সুতরাং পাখি হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন'— এই অনুমানে কী হেত্বাভাস ঘটেছে?

(অ) বিরুদ্ধ (আ) বাধিত

(ই) সৎ প্রতিপক্ষ (ঈ) সব্যভিচার।

(ট) পর্যাপ্ত শর্ত ও আবশ্যিক শর্তের পার্থক্যের গুরুত্ব

(অ) কেবল তর্কবিদ্যায় আছে (আ) কেবল আইনি দায়বদ্ধতা নির্ধারণের ক্ষেত্রে আছে

(ই) তর্কবিদ্যা এবং আইন উভয়ক্ষেত্রেই আছে (ঈ) তর্কবিদ্যা বা আইন কোনোক্ষেত্রেই নেই।

(ঠ) আইনি ঘটনার বিচারে সম্ভাব্যতা দেখানো সম্ভব হয় -

(অ) সংখ্যাগত অনুপাত হিসেবে বা ভগ্নাংশ হিসেবে (আ) সাক্ষ্যপ্রমাণের সাহায্যে সমর্থিত সম্ভাব্যতার মাত্রা হিসেবে

(ই) ·১৬ বা ·৭৫ এরকম দশমিক হিসেবে (ঈ) কোনোটিই নয়।

২। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৫×৫

(ক) ন্যায়দর্শনে মোট কত প্রকার হেত্বাভাস স্বীকৃত হয়েছে? হেত্বাভাসগুলির নাম লেখো।

(খ) তর্কবিজ্ঞান সম্মত যুক্তির মুখ্য উদ্দেশ্য কী? সংক্ষেপে আলোচনা করো।

(গ) ইচ্ছাকৃত ভুল কাজ (act of commission) ও অনিচ্ছাকৃত ভুল কাজ (act of omission)-এর মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(ঘ) সৎপ্রতিপক্ষ ও বাধিত হেত্বাভাসের মধ্যে উদাহরণসহ পার্থক্য করো।

(ঙ) প্রাসঙ্গিকতা দোষের অন্তর্গত যে-কোনো দুটি দোষ উপযুক্ত উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(চ) ভালো উপমা যুক্তির সঙ্গে মন্দ-উপমা যুক্তির পার্থক্য উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো।

(ছ) আইনি যুক্তিবিচারের প্রসঙ্গে সম্ভাব্যতার ভূমিকাটি আলোচনা করো।

(জ) 'ব্যাখ্যা' বলতে কী বোঝায়? কখন একটি ব্যাখ্যা অবৈজ্ঞানিক বলে পরিগণিত হয়?

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY



৩। নিম্নলিখিত *যে-কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) লৌকিক সন্নিকর্ষকে কেন "লৌকিক" বলা হয়? বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষ উদাহরণসহ ব্যাখ্যা করো। ২+১৩

(খ) নিম্নোক্ত যুক্তিগুলির দোষ নির্ণয় করো ও প্রত্যেকটির উপযুক্ত ব্যাখ্যা দাও ঃ ৫×৩

(অ) ছেলেটি অন্ধের মত সকলকে বিশ্বাস করে। সুতরাং ছেলেটি অন্ধ।

(আ) যন্ত্রের প্রতিটি অংশ হালকা। তাই যন্ত্রটি হালকা।

(ই) বাঙালিমাত্রই ভ্রমণবিলাসী, রমেনবাবু বাঙালি, তাই তিনি ভ্রমণবিলাসী।

(গ) কোনো প্রকল্পের মূল্য বা গ্রহণযোগ্যতা বিচারের জন্য সাধারণত কয়টি মানদণ্ড ব্যবহৃত হয় ও কী কী? বিস্তারিত আলোচনা করো। ৩+১২

(ঘ) আইনি যুক্তির ক্ষেত্রে কার্যকারণতার কীরূপ ভূমিকা আছে? যৌক্তিক দৃষ্টিকোণ থেকে কোনো ঘটনার পর্যাপ্ত এবং আবশ্যিক শর্তের পার্থক্য নিরূপণ করো। Copi কেন বলেন যে এই পার্থক্য আইনি দায়বদ্ধতা নির্ধারণের ক্ষেত্রে বিচারমূলক ভূমিকা পালন করে? আলোচনা করো। ৫+২+৮

(ঙ) সব্যভিচার হেত্বাভাসের বিভিন্ন প্রকার উদাহরণসহ আলোচনা করো। ১৫

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

1. Mark the correct answer (*any ten*) : 1×10

(a) "The hill has fire because the hill has smoke"— In this inference, the *vipakṣa* is–

(i) Kitchen (ii) Lake

(iii) Cowshed (iv) Sacrificial altar.

(b) A loci in which the probandum (*Sādhya*) is known for certain is called

(i) *pakṣa* (ii) *sapakṣa*

(iii) *vipakṣa* (iv) *pratipakṣa*.

(c) The number of properties responsible for the validity of a valid *anvaya-vyatirekī* hetu is –

(i) two (ii) three

(iii) four (iv) five.

(d) *Pakṣa* is that locus where the presence of *sādhya* is

(i) certain (ii) uncertain or doubtful

(iii) not there (iv) None of these

(e) Which form of reasoning is primarily used in a legal process?

(i) Inductive reasoning (ii) Deductive reasoning

(iii) Both forms of reasoning (iv) None of these.

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY



(f) The operative relation which is responsible in the perception of soundness by the auditory sense organ is
   (i) *saṃyoga* (ii) *samavāya*
   (iii) *saṃyukta samavāya* (iv) *samaveta samavāya*.

(g) "Fruit is good, good is the goal of human life, therefore fruit is the goal of human life."—Which fallacy is committed in this invalid argument?
   (i) fallacy of equivocation (ii) fallacy of accent
   (iii) fallacy of amphiboly (iv) fallacy of composition.

(h) When it is accepted that a proposition is true on the ground that it has not been proved false, then the fallacy committed is
   (i) appeal to pity (ii) appeal to force
   (iii) appeal to argument from ignorance (iv) appeal to inappropriate authority.

(i) "I infer that a new pair of shoes will fit well on the grounds that I got good fit from shoes previously purchased from the same store".— The argument used here is
   (i) deductive argument (ii) induction by simple enumeration
   (iii) argument by analogy (iv) layman's argument devoid of logical reasoning.

(j) 'All biped animals are rational, birds are biped animals, therefore, birds are rational'— What fallacy (*hetvābhāsa*) is committed in this inferences?
   (i) *viruddha* (ii) *bādhita*
   (iii) *satpratipakṣa* (iv) *savyabhicāra*

(k) The distinction between the sufficient condition and the necessary condition is of value
   (i) only in logic (ii) only in determining legal responsibility
   (iii) both in logic and in law (iv) neither in logic nor in law.

(l) It is possible to show the probability of judgement in legal affairs—
   (i) as numerical ratio or fraction (ii) as a value of probability favoured evidence
   (iii) as decimal value like ·16 or ·75 etc (iv) none of these.

2. Answer in brief (*any five*) : 5×5

(a) How many types of *hetvābhāsas* are admitted in Nyāya Philosophy? Write down the names of the *hetvābhāsas*.

(b) What is the primary objective of logical reasoning? Discuss in brief.

(c) Distinguish between act of commission and act of omission.

(d) Distinguish between *satpratipakṣa* and *bādhita hetvābhāsa* with examples.

(e) Explain any two fallacies falling under fallacy of relevance with suitable examples.

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY



(f) Explain the difference between argument by good analogy and bad analogy with example.

(g) Discuss the role of probability in the context of legal reasoning.

(h) What is meant by 'explanation'? When does an explanation become 'unscientific'?

3. Answer ***any three*** questions from the following :

(a) Why are ordinary operative relations called 'ordinary'? Explain different types of ordinary operative relations with examples. 2+13

(b) Determine the fallacies of the following arguments and give appropriate explanation in each case : 5×3

(i) The boy blindly believes everyone. So the boy is blind.

(ii) Each part of the machine is light. So the machine is light.

(iii) All Bengalees like to travel, Ramen babu is a Bengalee, So he likes to travel.

(c) How many criteria are commonly used in judging the worth or acceptability of a hypothesis and what are they? Discuss in detail. 3+12

(d) What is the role of causation in legal reasoning? Distinguish between sufficient and necessary condition for any event from logical point of view. Why does Copi hold that this distinction play a critical role in determining legal responsibility? Discuss. 5+2+8

(e) Discuss with examples different types of *savyabhicāra* hetvāhāṣa. 15

———————

MGC Library